ইনকিলাব

তারিখ ..... 2 AUG 2009 ...
পৃষ্ঠা ... ১ কলাম ... ১

ইবির অধীনে ফাযিল কামিল মাদ্রাসায় অনার্স চালুর সিদ্ধান্ত

ইবি থেকে আলতাফ হোসেন

ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাযিল (ডিগ্রী) এবং কামিল (মাস্টার্স) মাদ্রাসায় অনার্স কোর্স চালুর নীতিগতভাবে সিদ্ধান্ত নেয়া হয়েছে। গতকাল শনিবার ইসলামী বিশ্ববিদ্যালয়ের মাদ্রাসা সংক্রান্ত একাডেমিক কমিটির এক বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। জামিয়াতুল মোদাররেছীনের পৃঃ ১২ কঃ ৮

ইবির অধীনে ফাযিল

প্রথম পৃষ্ঠার পর

দীর্ঘদিনের দাবী এবং প্রচেষ্টার ফলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ সিদ্ধান্ত নেয়ায় আল্লাহর শুকরিয়া ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অভিনন্দন জানিয়েছেন এ সংগঠনের সভাপতি ও দৈনিক ইনকিলাব সম্পাদক আলহাজ্ব এ এম এম বাহাউদ্দীন, মহাসচিব আলহাজ্ব ওয়াজ পাকীর আহমদ মযতাবী।

গতকাল সকাল ১১টায় ভিসি প্রফেসর ড. এম আলাউদ্দিনের সভাপতিত্বে মাদ্রাসা সংক্রান্ত একাডেমিক কমিটির নব মনোনীত সদস্যদের নিয়ে এই প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে অধিকাংশ স্বল্প সময়ের মধ্যে ফাযিল (ডিগ্রী) এবং কামিল (মাস্টার্স) মাদ্রাসায় অনার্স চালু, ফাযিল (ডিগ্রী) এবং কামিল (মাস্টার্স) মাদ্রাসার পাঠ্যক্রম ও পাঠ্যসূচী আধুনিকায়ন করতে মন্ত্রণালয়ের নির্দেশের আলোকে বিশ্ববিদ্যালয়ের অধীনে মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. ইউসুফকে আহ্বায়ক করে ৫ সদস্যবিশিষ্ট একটি উপ-কমিটি গঠন করা হয়েছে। কমিটির অন্য সদস্যরা হলেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের ধর্মতত্ত্ব অনুষদের ডিন প্রফেসর ড. ফারুক আহমদ, মানবিক ও সমাজ বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. জহুল কুদুস মোঃ সালেহ, ঢাকা সরকারী আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা প্রফেসর ড. এনামুল আলী, ফরিদপুর মজিদিয়া কামিল মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা ড. একেএম মাহবুবুর রহমান। মাদ্রাসা সংক্রান্ত গতানুগতিক বাতি ও অবিবৃতির আলোচনা হয়েছে। মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. ইউসুফ, ইবি রেজিস্ট্রার ড. মোসলেহ উদ্দিন, ডাকপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী, মাদ্রাসা দপ্তরের প্রধান এ টি এম এমদাদুল আলমসহ মাদ্রাসা একাডেমিক কমিটির সদস্যরা বৈঠকে উপস্থিত ছিলেন। অনার্স কোর্স চালুর বিষয়ে ভিসি প্রফেসর ড. এম আলাউদ্দিন বলেন, পরীক্ষামূলকভাবে কয়েকটি মাদ্রাসায় অনার্স কোর্স চালুর বিষয়ে নীতিগত সিদ্ধান্ত নেয়া হয়েছে। মাদ্রাসা সংক্রান্ত একাডেমিক কমিটির সদস্যবৃন্দ হলেন মাদ্রাসা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদপ্তরের উপ-পরিচালক আবুল হোসেন, চাঁদপুরের ফরিদগঞ্জ মজিদিয়া কামিল মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা ড. এ কে এম মাহবুবুর রহমান, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের চেয়ারম্যান প্রফেসর ড. আব্দুল আলীম, দারুস্সালাম ইসলামিয়া কামিল মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা আ ধ ম আবু বকর সিদ্দীক, বাগেরহাট ইসলামিয়া কামিল মাদ্রাসার অধ্যক্ষ মোহাম্মদ আলী, ঢাকার কাদেরিয়া তৈয়্যেবিয়া মাদ্রাসার মুহাদ্দিস কাসিম উদ্দিন আল আযহার, বরিশালের সাগরদী কামিল মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা আশরাফ আলী দেওয়ান, রংপুর খাপ সাতগাড়া কামিল মাদ্রাসার মুহাদ্দিস মাওলানা আব্দুল মবিন, সিলেট ইছামতি কামিল মাদ্রাসার মুহাদ্দিস মাওলানা সিরাজুর রহমান, বগুড়া শেরপুর সাইদিয়া আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা খলিলুর রহমান, কুষ্টিয়া কুওয়াতুল ইসলামিয়া আলিয়া মাদ্রাসার মুহাদ্দিস মাওলানা তারিকুর রহমান, চট্টগ্রাম সিফতলী মাদ্রাসার মুহাদ্দিস মাওলানা সৈয়দ জালালুদ্দিন, বগুড়া মুত্তাকবিয়া সরকারী আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ এ কমিটিতে রয়েছেন। এদিকে গত শুক্রবার রাতে কুষ্টিয়া জেলা জামিয়াতুল মোদাররেছীনের পক্ষ থেকে মনোনীত একাডেমিক কমিটির সদস্যদের সংবর্ধনা দেয়া হয়।